

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
লাকসাম, কুমিল্লা।
dss.laksam.comilla.gov.bd


'শেখ হাসিনার দিনবদলে
সমাজসেবা এগিয়ে চলে'

স্মারক নম্বর- ৪১.০১.১৯৭২.০০০.০৬.০০১.২২.২৬৮(১)

তারিখঃ ১৪ ভাদ্র ১৪২৯
২৯ আগস্ট ২০২২

নোটিশ

এতদ্বারা লাকসাম উপজেলার সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩১ আগস্ট ২০২২খ্রি: সকাল ১০:৩০ ঘটিকার সময় লাকসাম উপজেলার সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা উপজেলা পরিষদ মিলনায়তন, লাকসাম, কুমিল্লায় অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথা সময় ও তারিখে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।



(উপন্যাস চন্দ্র দাস)

উপজেলা সমাজসেবা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটি

লাকসাম, কুমিল্লা।

usso.laksamcomilla@gmail.com

Phone: 02-334407590

জনাব

সদস্য

উপজেলা সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটি

লাকসাম, কুমিল্লা।

সভা নং-২৫

অদ্য ৩১ আগস্ট ২০২২খ্রি: সকাল ১০:৩০ ঘটিকার সময় উপজেলা সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা এর সভাপতিত্বে উপজেলা পরিষদ মিলনায়তন, লাকসাম এ অনুষ্ঠিত হয়।

সভার আলোচ্য বিষয় সমূহঃ

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ২। বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতাভোগীদের মৃত্যুজনিত কারণে প্রতিস্থাপন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- ৩। বিবিধ।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম ও স্বাক্ষর

- ১। জনাব মহকুত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা- (সভাপতি)- স্বাক্ষর অস্পষ্ট।
- ২। জনাব মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, কান্দিরপাড় ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা- (সদস্য)- স্বাক্ষর অস্পষ্ট।
- ৩। জনাব মোঃ শাহীন, চেয়ারম্যান, মুদাফরগঞ্জ ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা- (সদস্য)- স্বাক্ষর অস্পষ্ট।
- ৪। জনাব আবু ছায়েদ বাচ্চু, কাউন্সিলর, লাকসাম পৌরসভা, লাকসাম, কুমিল্লা- (সদস্য)- স্বাক্ষর অস্পষ্ট।
- ৫। জনাব উপন্যাস চন্দ্র দাস, উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লা- (সদস্য সচিব)- স্বাক্ষর অস্পষ্ট।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যদেরকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। এতে কোন প্রকার পরিবর্তন ও পরিবর্ধন না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লাকে জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা বেটনি কার্যক্রমের আওতায় পৌরসভা এবং উপজেলার সকল ইউনিয়ন পরিষদ হতে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতাভোগীর মৃত্যুজনিত কারণে প্রতিস্থাপন বিষয়ে তালিকা পাওয়া যায়নি। তিনি এ বিষয়ে মেয়র, লাকসাম পৌরসভা এবং ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন যে, মৃত্যু জনিত কারণে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতাভোগীদের প্রতিস্থাপন জরুরী। তা না হলে মৃত ভাতাভোগীদের স্বজনরা নিয়মিত এ ভাতা পেতে থাকবে যা সামাজিক নিরাপত্তা কর্মসূচির নীতিমালা বহির্ভূত। তিনি এ বিষয়ে দ্রুত পদক্ষেপ নিতে মেয়র, লাকসাম পৌরসভা এবং ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানান।

সভায় বিস্তারিত আলোচনান্তে সভাপতি ২০২২-২০২৩ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা বেটনি কার্যক্রমের আওতায় পৌরসভা এবং উপজেলার সকল ইউনিয়ন পরিষদ হতে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং প্রতিবন্ধী ভাতাভোগীর মৃত্যুজনিত কারণে প্রতিস্থাপনের তালিকা দ্রুত প্রেরণের জন্য মেয়র, লাকসাম পৌরসভা এবং ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান এবং উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লাকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হয়।

অদ্যকার সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।






(মহকুত আলী)
ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি

উপজেলা সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
লাকসাম, কুমিল্লা।
dss.laksam.comilla.gov.bd

উপজেলা সমাজকল্যাণ ও সমাজসেবা বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিতির হাজিরা সীট

ক্র. নং	সদস্যদের নাম ও ঠিকানা	পদবী	স্বাক্ষর
০১.	জনাব মহব্বত আলী ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।	সভাপতি	
০২.	জনাব মোঃ ওমর ফারুক চেয়ারম্যান, কান্দিরপাড়া ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।	সদস্য	
০৩.	জনাব মোঃ শাহীন চেয়ারম্যান, মুদাফরগঞ্জ ইউনিয়ন পরিষদ, লাকসাম, কুমিল্লা।	সদস্য	
০৪.	জনাব আবু ছায়েদ বাচ্চু কাউন্সিলর, লাকসাম পৌরসভা, লাকসাম, কুমিল্লা।	সদস্য	
০৫.	জনাব উপন্যাস চন্দ্র দাস উপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম, কুমিল্লা।	সদস্য সচিব	